8/10/2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...............
পৃষ্ঠা ...7... কলাম ...2...

# নূতন সরকারের সাপ্তাহিক ছুটি একদিন করার সম্ভাবনা

গিয়াসউদ্দিন আহামেদ ॥ বিএনপি চেয়ারপার্সন ও চারদলীয় ঐক্যজোট নেত্রী বেগম খালেদা জিয়া নূতন সরকার গঠনের পরপরই দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়ন, সরকারী কাজকর্মে গতি আনয়ন ও কোর্ট-কাছারির মামলা দ্রুত নিষ্পত্তিকরণসহ দেশের অন্যান্য কাজের সুবিধার্থে সাপ্তাহিক ছুটি দুইদিনের পরিবর্তে একদিন ঘোষণা করিতে পারেন। বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়া মাসব্যাপী নির্বাচনী সফরকালে জনসভা এবং সাংবাদিকদের সহিত মতবিনিময়কালে বলিয়াছিলেন, বিএনপিসহ চারদলীয় ঐক্যজোট সরকার গঠন করার সাথে সাথে সাপ্তাহিক ছুটি দুইদিনের (১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## নূতন সরকারের

(প্রথম পৃঃ পর)

পরিবর্তে একদিন ঘোষণা করিবেন।

বিএনপি নেত্রীর সহিত বণিক সমিতি ফেডারেশন, ঢাকা চেম্বার, তৈয়ারী পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক, মেট্রোপলিটন চেম্বার, বিসিআইসহ অন্যান্য বাণিজ্যিক সংগঠনের নেতারা বিভিন্ন সময়ে সাক্ষাৎ করিয়া দেশের অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে সাপ্তাহিক ছুটি দুইদিনের পরিবর্তে একদিন ঘোষণা করার দাবী জানাইয়াছেন।

তত্ত্বাবধায়ক সরকারের প্রধান বিচারপতি লতিফুর রহমান নিজেও ব্যক্তিগতভাবে মনে করেন, বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে সাপ্তাহিক সরকারী ছুটি দুইদিন থাকার কোন কারণ নাই। প্রধান উপদেষ্টার সহিত বণিক সমিতি ও চেম্বার নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাৎ করিতে গেলে তিনি এই অভিমত ব্যক্ত করেন। তবে তাঁহার তত্ত্বাবধায়ক সরকারের পক্ষে এই ঘোষণা দেওয়া সম্ভব নয় বলিয়া তিনি ব্যবসায়ী নেতৃবৃন্দের নিকট তাহার অপারগতা প্রকাশ করেন। তবে প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান নির্বাচনে বিজয়ী হইয়া যেই দলই সরকার গঠন করিবে সেই দলকেই তিনি দেশ ও জনসাধারণের স্বার্থে সাপ্তাহিক ছুটি একদিন করার জন্য অনুরোধ জানাইবেন বলিয়া ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দকে আশ্বাস দেন। উল্লেখ্য, ১৯৯৬ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতা গ্রহণের এক পর্যায়ে আকস্মিক এক ঘোষণায় সাপ্তাহিক ছুটি একদিনের পরিবর্তে দুইদিন ঘোষণা করা হয়।